

বৃষ্টি

JUL 18 2002

তারিখ ০০০ ০০০ ০০০ ০০০ ০০০ ০০০
স্থান ০০০ ০০০ ০০০ ০০০ ০০০ ০০০

একাডেমিক ভবন সংকট খুলনা বিশ্ববিদ্যালয়ে পাঠদান ব্যাহত

খুলনা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

খুলনা বিশ্ববিদ্যালয়ে একাডেমিক ভবন সংকটের ফলে পাঠদান ব্যাহত হচ্ছে। খুলনা বিশ্ববিদ্যালয়ের দুটি একাডেমিক ভবনে পর্যাপ্ত ক্লাসরুম না থাকার ফলে প্রায় প্রতিটি ডিসিপ্রিনের সমস্যা আরও প্রকট আকার ধারণ করেছে। শিক্ষকের ক্রম, ১৫টি ডিসিপ্রিনের অফিস ও ক্লাসরুম, লাইব্রেরি, এমবিএ কোর্স, পিজিডি ইন কম্পিউটার সায়েন্স, বিভিন্ন ডিসিপ্রিনের নিজস্ব ল্যাব, কম্পিউটার ল্যাব, মসজিদ অডিটোরিয়ামসহ যাবতীয় একাডেমিক কার্যক্রম পরিচালিত হয় মাত্র দুটি একাডেমিক ভবনে। যা প্রয়োজনের তুলনায় একেবারেই অপ্রতুল। বিশেষ করে নতুন খোলা ডিসিপ্রিনগুলোর সমস্যা সবচেয়ে বেশি। ২০০১-২০০২ শিক্ষাবর্ষসহ দ্বিতীয় একাডেমিক ভবনে সয়েল সায়েন্স, ইংরেজি ও অর্থনীতি ডিসিপ্রিনের চারটি ব্যাচের জন্য মাত্র দুটি ক্লাসরুম এবং প্রত্যেকটি ডিসিপ্রিনের ক্লাসরুমের সংকট। প্রথম একাডেমিক ভবনে ব্যবসায় প্রশাসন ও পণ্ডিত ডিসিপ্রিনসহ প্রায় ডিসিপ্রিনের ক্লাসরুমের সংকট থাকার ফলে নিয়মিত পাঠদান দারুণভাবে ব্যাহত হচ্ছে।